সংবাদ।

২৬২

তারিখ ০৯।২।৮২
পৃষ্ঠা ... কলম ...

068



গরীব ছাত্র-ছাত্রীদের বিনাখরচে টাইপ রাইটিং শিক্ষা দেয়ার উদ্দেশ্যে শ্রীনগরে গত ৭ই ফেব্রুয়ারী বঙ্গবন্ধু কমার্শিয়াল কলেজ উদ্বোধন করা হয়।

# শ্রীনগরকে প্রাথমিক শিক্ষা প্রকল্পে অন্তর্ভুক্ত করার দাবী

সম্প্রতি অনুষ্ঠিত শ্রীনগর থানা জনকল্যাণ সমিতির এক জরুরী সভায় শ্রীনগর থানাকে সার্বজনীন প্রাথমিক শিক্ষা (বিশ্ব ব্যাংক) প্রকল্পে অন্তর্ভুক্ত না করায় গভীর দুঃখ প্রকাশ করা হয় এবং এই থানাকে উক্ত প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য সরকারের নিকট জোর দাবী জানানো হয়।

সমিতির সভাপতি জনাব রফিক চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় এব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য এলাকার সংসদ সদস্যদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

## বঙ্গবন্ধু কমার্শিয়াল কলেজ উদ্বোধন

প্রখ্যাত শিল্পী জনাব কামরুল হাসান গত ৭ই ফেব্রুয়ারী শ্রীনগরে বঙ্গবন্ধু কমার্শিয়াল কলেজ উদ্বোধন করেন।

এ উপলক্ষে শ্রীনগর কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে জনাব কামরুল হাসান অপসংস্কৃতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য ছাত্র ও যুব সমাজের প্রতি আহ্বান জানান।

তিনি পরে শ্রীনগর থানা জনকল্যাণ সমিতি ঘোষিত বৃত্তির শেষ কিস্তির টাকা থানার ১৪টি উচ্চ বিদ্যালয়ের ১৪ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেন।

জনাব রফিক চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব কাজী জলকদর, অধ্যাপক মোবারক হোসেন, জনাব আঃ জলিল, শ্রী সুকুমার ঘোষ, জনাব তোফাজ্জল হোসেন ও জনাব নুর মোহাম্মদ।

এলাকার গরীব ছাত্র-ছাত্রীদের বিনা খরচে টাইপ রাইটিং শিক্ষা দেয়ার উদ্দেশ্যে শ্রীনগর থানা জনকল্যাণ সমিতির ব্যবস্থাপনায় এই কমার্শিয়াল কলেজ স্থাপন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।